| **বুদ্ধিবৃত্তীয়**<br>১৬. সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>১৭. কতিপয় অসদাচরণ (আখলাকে যামিমাহ) এর পরিচয় ও কুফল বর্ণনা করতে পারবে।<br>১৮. প্রতারণার ধারণা ও কুফল বর্ণনা করতে পারবে।<br>১৯. গিবত বা পরনিন্দার ধারণা ও কুফল ব্যাখ্যা করতে পারবে।<br>২০. হিংসা-বিদ্বেষের ধারণা ও কুফল ব্যাখ্যা করতে পারবে।<br>২১.ফিতনা-ফাসাদের পরিচয় ও অপকারিতা ব্যাখ্যা করতে পারবে।<br>২২. কর্মবিমুখতা ও অলসতার কুফল বর্ণনা করতে পারবে।<br>২৩.সুদ ও ঘুষের কুফল বিশ্লেষণ করতে পারবে।<br>**আবেগীয়**<br>১. নিজ জীবনে অসদাচরণ পরিহার ও সদাচরণ অনুশীলনে উদ্বুদ্ধ হবে। | ● সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ<br>● কতিপয় অসদাচরণ (আখলাকে যামিমাহ)<br>● প্রতারণা<br>● গিবত<br>● হিংসা-বিদ্বেষ<br>● ফেতনা ফাসাদ<br>● কর্মবিমুখতা<br>● অলসতা<br>● সুদ-ঘুষ |

**পঞ্চম অধ্যায়: আদর্শ জীবনচরিত (৩০ পিরিয়ড)**

| শিখন ফল | বিষয়বস্তু |
| --- | --- |
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. আদর্শ জীবনচরিতের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>২. প্রাক ইসলামি যুগে আরবের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা বর্ণনা করতে পারবে।<br>৩. মহানবি (স) এর কৈশোর বয়সের সততা, সহযোগিতা ও সহমর্মিতার অনন্য দৃষ্টান্ত বর্ণনা করতে পারবে।<br>৪. মহানবি (স:) এর যৌবনকালের সুউচ্চ নৈতিক ও মানবিক গুণাবলি বিশ্লেষণ করতে পারবে।<br>৫. মহানবি (স) এর নবুওয়্যাত প্রাপ্তি ও ইসলাম প্রচার সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৬. মহানবি (স) এর মাদানি জীবনের ঘটনাবলী বর্ণনা করতে পারবে।<br>৭. মহানবি (স) এর মদিনা সনদ ও সাম্প্রদায়িক সম্প্রীতি বর্ণনা করতে পারবে।<br>৮. মহানবি (স) এর বিদায় হজ্জের ভাষণ ও ভাষণে প্রতিফলিত মানবাধিকার ও সাম্যের ধারণা, নারীর প্রতি সম্মানবোধ এবং বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠার গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>**বুদ্ধিবৃত্তীয়**<br>৯. মহানবি (স) এর মক্কা বিজয় ও ক্ষমার আদর্শ বর্ণনা করতে পারবে।<br>১০. খুলাফয়ে রাশেদুনের পরিচয় ও জীবনাদর্শ বর্ণনা করতে পারবে।<br>১১. খুলাফায়ে রাশেদুনের চরিত্রে প্রস্ফুটিত গুণাবলি: মানবসেবা, দানশীলতা, উদারতা, জ্ঞান চর্চা, প্রজাবাৎসল্য, ন্যায়বিচার ও সুশাসন বর্ণনা করতে পারবে।<br>১২. মুসলিম মনীষীগণের চরিত্রে প্রস্ফুটিত গুণাবলী: সমাজসেবা, সাম্য, গণতান্ত্রিক চেতনা, ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা সৌহার্দ, বিশ্বস্ততা, ত্যাগ ও ক্ষমা, দেশপ্রেম, পরোপকারিতা ও শিক্ষা বিস্তারে অবদান সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>১৩. জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে বিশেষত চিকিৎসা, রসায়ন, ভূগোল ও গণিত শাস্ত্রে মুসলমানদের অবদান বর্ণনা করতে পারবে।<br>**আবেগীয়**<br>১৪. মুসলিম মনীষীগণের চরিত্রে প্রস্ফুটিত গুণাবলী অনুসরণে নিজ জীবন গঠনে উদ্বুদ্ধ হবে।<br>১৫. বিজ্ঞান ও প্রযুক্তি চর্চায় মুসলমানদের অবদানের কথা স্মরণ করে বিজ্ঞান ও প্রযুক্তি চর্চার মাধ্যমে মানবসেবায় আত্মনিয়োগ করতে আগ্রহী হবে। | ● আদর্শ জীবনচরিত-<br>○ আদর্শ জীবনচরিতের বৈশিষ্ট্য<br>○ মহানবী হযরত মুহাম্মাদ (স)<br>○ প্রাক-ইসলামি যুগে আরবের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা<br>○ মহানবি (স) এর জন্ম, শৈশব, কৈশোর ও যৌবনকাল<br>○ নবুওয়্যাত প্রাপ্তি ও ইসলাম প্রচার<br>○ মাদানি জীবন<br>○ মদিনা সনদ ও মক্কা বিজয়<br>○ বিদায় হজ ও হজের ভাষণ<br>● খুলাফায়ে রাশেদুনের জীবনাদর্শ<br>○ হযরত আবু বকর (রা)<br>○ হযরত উমর (রা)<br>○ হযরত উসমান (রা)<br>○ হযরত আলী (রা)<br>● মুসলিম মনীষী<br>○ হযরত ইমাম বুখারি (র)<br>○ হযরত ইমাম আবু হানিফা(র)<br>○ হযরত ইমাম যযালী (র)<br>○ ইবনে জারির আততাবারি(র)<br>● জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি চর্চায় মুসলমানদের অবদান<br>● **চিকিৎসা শাস্ত্রে-**<br>○ আবু বকর মুহাম্মদ ইবন্ যাকারিয়া আল্ রাযি<br>○ আল বিরুনি<br>○ ইবনে সীনা<br>○ ইবনে রুশদ্<br>● **রসায়ন শাস্ত্রে-**<br>○ জাবের ইবনে হাইয়ান<br>○ আল-কিন্দি<br>○ জুননুন মিসরি<br>○ ইবনে আব্দুল মালেক আল-কাছি<br>● ভূগোল **শাস্ত্রে-**<br>○ আল-মোকাদ্দেসি<br>○ আল-মাসুদি<br>○ ইয়াকুত ইবন্ আবদুল্লাহ্<br>○ ইবনে খালদুন<br>● গণিত শাস্ত্রে –<br>○ আল-খাওয়ারযমি<br>○ ইবনে হায়সাম<br>○ ওমর খৈয়াম<br>○ নাসিরুদ্দীন তুসী |

**পরিশিষ্ট : ‘গ’**

# শিখনফল ম্যাপ

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড---------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড**

এসএসসি/দাখিল পরীক্ষা ২০২.......

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয় কোড : **১১১**

| LO নং | অধ্যায় ১ | | | অধ্যায় ২ | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ |
| ১ | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | | | | | | | |
| ২১ | | | | | | | | | | | | | | | |
| ২২ | | | | | | | | | | | | | | | |
| ২৩ | | | | | | | | | | | | | | | |
| ২৪ | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | |

# বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
## বিষয় : ইসলাম শিক্ষা বিষয় কোড : ১১১

১. মৃত্যুর পর থেকে পুনরুত্থান পর্যন্ত সময়কে কী বলে?
- ক. বারযাখ
- খ. মিযান
- গ. সিরাত
- ঘ. শাফাআত

২. আখিরাতে বিশ্বাসের ফলে -
- i ইহকালীন সমৃদ্ধি অর্জিত হবে
- ii ইমানের পূর্ণতা অর্জিত হবে
- iii আল্লাহর সন্তুষ্টি লাভ করবে

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

পলাশ তার সহকর্মী বকুলের নিকট থেকে একমাস পর ফেরত দেয়ার কথা বলে পাঁচ হাজার টাকা ধার নিয়ে একবছরেও তা ফেরত দেয়নি, যদিও টাকা ফেরত চাইলে আগামী মাসে ফেরত দেবে বলে প্রতিবার সে বকুলকে আশ্বস্ত করে। বকুল সন্তান লাভের আশায় একজন আধ্যাত্মিক সাধু পুরুষের নিকট গমন করে। কখনো কখনো আবেগে আপ্লুত হয়ে তিনি তার সম্মানার্থে সিজদা করে।

৩. পলাশের কর্মকান্ড কীসের শামিল?
- ক. কুফর
- খ. ফিতনা
- গ. নিফাক
- ঘ. হাসাদ

৪. বকুলের কর্মকান্ডের ফলে সে-
- i মানসিক শান্তি লাভ করবে
- ii অনৈতিক কাজে জড়িয়ে পড়বে
- iii অকল্যাণময় জীবন কাটাবে

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৫. কাকে শল্যচিকিৎসার দিশারি বলা হয়?
- ক. আল বিরুনি
- খ. আল মাসুদি
- গ. ইবনে রুশদ
- ঘ. ইবনে সিনা

৬. আল-কুরআনকে সর্বজনীন কিতাব বলা হয় কেন?
- ক. জীবনের সকল সমস্যার সমাধান দেয় বলে
- খ. সকল প্রকার ভুল-ত্রুটি ও সন্দেহমুক্ত হওয়ায়
- গ. দেশ-কাল ও জাতিভেদে সবার দিক-নির্দেশনার জন্য
- ঘ. সর্বশেষ আসমানী কিতাব হিসেবে নাজিল হওয়ায়

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**

আবুল ফজলের স্ত্রী আমিনা এবার বর্ষা মৌসুমে বাড়ির সামনে দুটি লেবু ও দুটি আমলকি গাছের চারা রোপণ করেন। একদিন পর আমলকি গাছের চারা দুটি প্রতিবেশির ছাগল খেয়ে ফেলে। এতে তাঁর মন খারাপ হলেও পুনরায় দুটি আমলকি গাছের চারা রোপণ করেন। অন্যদিকে তার স্বামী জনাব আবুল ফজল একজন ঔষধ বিক্রেতা। গতকাল ব্যবস্থাপত্র নিয়ে একজন ক্রেতা একটি ঔষধ দিতে বললে, আবুল ফজল দেখেন ঐ ঔষধটি আছে, কিন্তু সেটির মেয়াদ উত্তীর্ণ। তখন তিনি এটি বিক্রয় করতে অপারগতা প্রকাশ করেন।

৭. আমিনার কর্মকান্ডে হাদিসের কোন শিক্ষার বহি:প্রকাশ ঘটেছে?
- ক. নিয়তের বিশুদ্ধতা
- খ. পরোপকার
- গ. সৃষ্টির সেবা
- ঘ. সাদকা

৮. আবুল ফজল তার কর্মকান্ড দ্বারা-
- i হাশরে শহিদগণের সঙ্গী হবেন
- ii সম্মান ও মর্যাদা অধিকারী হবেন
- iii মানসিক প্রশান্তি লাভ করবেন

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৯. কোন ইবাদতটি হাক্কুল ইবাদ?
ক. সালাত আদায় করা
খ. সাওম পালন করা
গ. জানাযায় অংশগ্রহণ করা
ঘ. হজ পালন করা

১০. হযরত উসমান (রা.) কর্তৃক কুরআনের পুনঃসংকলনের কারণ কী ছিল?
ক. আধুনিকীকরণ
খ. একই পঠন রীতির প্রচলন
গ. হরকত সংযোজন
ঘ. ব্যক্তিগত ইচ্ছার প্রতিফলন

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাওঃ**
কৃষিবিজ্ঞানী ড. ফরিদ তার ব্যক্তিগত গবেষণায় এ পর্যন্ত ধানের পাঁচটি উন্নত জাত আবিষ্কার করেন, তার প্রযুক্তি সরকারের কাছে হস্তান্তর করেন। কাজের স্বীকৃতি স্বরূপ এ বছর তিনি রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ করেন। ড. ফরিদের পুত্র মামুন সর্বদা পাবলিক বাসে কলেজে যাওয়া আসা করার সময় কোন মহিলা জায়গা না পেলে, নিজের সিটে তাঁকে বসতে দেয়।

১১. ড. ফরিদের কর্মকান্ডে কী ফুটে উঠেছে?
ক. কর্তব্যপরায়ণতা
খ. স্বদেশপ্রেম
গ. আমানত
ঘ. তাকওয়া

১২. মামুনের এরূপ আচরণের ফলে-
i সে নেতৃত্বের আসনে অধিষ্ঠিত হবে
ii রাসূলের আদর্শ প্রতিফলিত হবে
iii আল্লাহর সন্তুষ্টি অর্জিত হবে

নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৩. একজন বিশ্বস্ত, সত্যবাদী, মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?
ক. শহিদ
খ. আলিম
গ. মুজতাহিদ
ঘ. হাফিজ

১৪. হজের ধর্মীয় শিক্ষা কোনটি?
ক. সময়ানুবর্তি হতে উদ্বুদ্ধ করে
খ. সামাজিক বৈষম্য দূর করে
গ. স্রষ্টা ও সৃষ্টির সম্পর্ক নিবিড় করে
ঘ. অতীতের পাপ মার্জনা করে

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাওঃ**
সুমন নামাজ শেষে বাড়ি ফেরার সময় দেখে তার এক প্রতিবেশির ছেলে কান্না করছে। কান্নার কারণ জিজ্ঞাসা করলে সে বলে আজ বাড়িতে কোনো রান্না হয়নি। সুমন বাজার থেকে চাল, ডাল ও ডিম কিনে প্রতিবেশির বাড়িতে পাঠিয়ে দেন।

১৫. সুমনের কর্মকান্ডে কোন হাদিসের শিক্ষার প্রতিফলিত হয়েছে ?
ক. দানশীলতা সম্পর্কিত
খ. ইসলামের ভিত্তি
গ. নিয়ত সম্পর্কিত
ঘ. সর্বোত্তম মানুষ

১৬. রসায়ন শাস্ত্রের জনক কে?
ক. আল বিরুনি
খ. ইবনে সিনা
গ. জাবির বিন হাইয়ান
ঘ. হাসান ইবনে হায়সাম

১৭. ইবাদতের ক্ষেত্রে কোন আমলটি লোক দেখানোর মনোভাব পরিহারে সহায়তা করে?
ক. সালাত
খ. যাকাত
গ. সাওম
ঘ. হজ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাওঃ**
পলাশ ও টগর সহপাঠী। পলাশ শীতের ছুটিতে তার সাইকেলটি বন্ধু টগরের নিকট রেখে গ্রামের বাড়িতে বেড়াতে যায়। টগর সেটি ইচ্ছামত ব্যবহার করে। এতে বেশ কিছু ক্ষতি সাধন হলেও সে এভাবে সাইকেলটি পলাশকে ফেরত দেয়।

১৮. টগরের কর্মকান্ডে আখলাকে হামিদার কোন গুণের অনুপস্থিতি পরিলক্ষিত হয়?
ক. ওয়াদা পালন
খ. আত্মশুদ্ধি
গ. ভ্রাতৃত্ববোধ
ঘ. আমানত

১৯. কোনটি দীনি ইলম ?

ক. গণিত
খ. তাফসির
গ. আল কেমি
ঘ. আরবি সাহিত্য

২০. "সকল মানুষই আদম (আ.) এর বংশধর আর আদম মাটি থেকে সৃষ্ট" - হাদিসটির মূল প্রতিপাদ্য-

ক. বিশ্ব ভ্রাতৃত্ব
খ. ইসলামী ভ্রাতৃত্ব
গ. সাম্প্রদায়িক সম্প্রীতি
ঘ. মানব সৃষ্টির উপাদান

**নিচের উদ্দীপকটি পড় এবং ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
ইউপি চেয়ারম্যান জনাব জামিলের পুত্র মাসুমের বিরুদ্ধে ত্রাণের দুইবস্তা চাল গোপনে বিক্রয় করে দেয়ার অভিযোগ উত্থাপিত হয়। পিতা জামিল তদন্ত করে অভিযোগের সত্যতা পেয়ে পুত্রকে পুলিশে সোপর্দ করেন।

২১. পুত্রের বিষয়ে জামিলের ভূমিকায় কোন খলিফার আদর্শ ফুটে উঠেছে?

ক. হযরত আবু বকর (রা.)
খ. হযরত উমর (রা.)
গ. হযরত উসমান (রা.)
ঘ. হযরত আলি (রা.)

২২. কোন ইবাদতের প্রতিদান আল্লাহ তায়ালা নিজ হাতে দেবেন?

ক. যাকাত
খ. সালাত
গ. সাওম
ঘ. হজ

২৩. "তারা তোমাদের ভূষণ আর তোমরা তাদের ভূষণ"- এ আয়াতে কীসের প্রতি ইঙ্গিত করা হয়েছে?

ক. নারীদের সাথে শালীন আচরণ
খ. স্বামীর সম্পদে স্ত্রীর অধিকার
গ. সম্পদে নারী-পুরুষের সমঅধিকার
ঘ. নারী-পুরুষের সমমর্যাদা

২৪. 'আমি ভুল পথে চললে তোমরা আমাকে সংশোধন করে দেবে'-এটি কোন খলিফার বক্তব্য?

ক. হযরত আবু বকর (রা.)
খ. হযরত উমর (রা.)
গ. হযরত উসমান (রা.)
ঘ. হযরত আলী (রা.)

২৫. কোনটি ইবনে সিনাকে অমরত্ব দান করেছে?

ক. স্রষ্টা ও সৃষ্টির আধ্যাত্মিক সম্পর্কের দার্শনিক ব্যাখ্যা প্রদান
খ. রোগ প্রতিরোধ ও প্রতিকারে ঔষধের আবিস্কার ও প্রয়োগ
গ. গণিতের জটিল সমস্যার সমাধান
ঘ. সৌর জাগতিক গবেষণা ও আবিস্কার

২৬. হাদিসে কোন গুণটিকে 'পুরোটাই কল্যাণময়' বলা হয়েছে?

ক. তাকওয়া
খ. শালীনতা
গ. আমানত
ঘ. সত্যবাদিতা

২৭. হযরত আবু বকর (রা.) কে ইসলামের ত্রাণকর্তা বলা হয় কেন?

ক. চূড়ান্তভাবে কুরআন সংকলন করায়
খ. আইনের শাসন প্রতিষ্ঠা করায়
গ. চরম বিশৃঙ্খলা থেকে খিলাফত রক্ষা করায়
ঘ. যুদ্ধক্ষেত্রে অসাধারণ নৈপূণ্য প্রদর্শন করায়

২৮. কালেমা তাইয়্যেবার দ্বিতীয়াংশ দ্বারা কীসের ঘোষণা দেওয়া হয়?

ক. আখিরাত
খ. রিসালাত
গ. তাওহিদ
ঘ. তাকদির

২৯. অনৈসলামিক কথা ও কাজ থেকে নিজের অন্তরকে মুক্ত রাখাকে কী বলে ?

ক. আত্মশুদ্ধি
খ. সত্যবাদিতা
গ. কর্তব্যপরায়ণতা
ঘ. সৎকাজের আদেশ

৩০. মুসা (আ.) আল্লাহর সাথে কোথায় কথোপকথন করেন?

ক. হেরা গুহায়
খ. তুর পাহাড়ে
গ. আরাফায়
ঘ. মুযদালিফায়

# বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

## বিষয় : ইসলাম শিক্ষা বিষয় কোড : ১১১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. মহাসত্যবাদী ব্যক্তিকে কী বলা হয়?
- ক. সাদিক
- খ. সিদ্দিক
- গ. মুত্তাকি
- ঘ. আমিন

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. 'সাওম' সাধনার ফলে ব্যক্তি-
- i. ধৈর্য্যশীল হয়
- ii. সহনশীল হয়
- iii. মর্যাদাবান হয়

নিচের কোনটি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**নিচের উদ্দীপকটি পড় ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাওঃ**

বাবুল ও রিফাত ঘনিষ্ঠ বন্ধু। অনেকদিন পর আড্ডায় মিলিত হয়ে বাবুল রিফাতকে জানায়, সে বেশ কিছু নগদ টাকা একজন ব্যবসায়ীকে বছর শেষে অতিরিক্ত এক লক্ষ টাকাসহ ফেরত দেয়ার শর্তে ধার দিয়েছে। রিফাত বাবুলকে জানায়, সে অফিসে প্রতিদিন দু'চারজন কর্মকর্তার অবসর ভাতা পাস করে দেয়। বিনিময়ে তাদের থেকে নগদ টাকা ও উপহার পায়। গতকাল অবসর ভাতার আবেদন মঞ্জুর করার বিনিময়ে প্রাক্তন সহকর্মী জনাব ফাহিম তাকে একটি দামি ঘড়ি উপহার দেয়।

৩. বাবুলের কর্মটি কীসের শামিল?
- ক. ঘুষ
- খ. সুদ
- গ. প্রতারণা
- ঘ. ফাসাদ

৪. ফাহিম ও রিফাতের কর্মকান্ডের ফলে-
- i সেবা প্রার্থীরা সহজে সেবা পাবে
- ii সমাজে পাপাচার বেড়ে যাবে
- iii উভয়কে পরকালে শাস্তি পেতে হবে

নিচের কোন্‌টি সঠিক ?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

**পরিপত্র**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

২২/১১/০৯

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

### বিষয় : ইসলাম শিক্ষা  বিষয় কোড : ১১১

১. শেষ নবী হযরত মুহাম্মদ (স.) এর ওপর অবতীর্ণ মহাগ্রন্থ আল-কুরআনে সূরার সংখ্যা কয়টি?

ক. ২৮
খ. ৮৬
গ. ১০৪
ঘ. ১১৪

২. যাকাত আদায়ের ফলে-

i. সম্পদ বেড়ে যায়
ii. সম্পদ হ্রাস পায়
iii. সুষম বণ্টন নিশ্চিত হয়

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৩. কোনটি ইসলামের ভিত্তি ?

ক. ইমান
খ. সালাত
গ. যাকাত
ঘ. হজ

৪. হজের ফযিলত কোনটি?

ক. অপরাধ ক্ষমা
খ. জান্নাত লাভ
গ. বিশ্ব ভ্রাতৃত্ব সৃষ্টি
ঘ. উপরের সবগুলোই সঠিক

৫. যে ব্যক্তি মহান আল্লাহর সাথে কোন ব্যক্তি বা বস্তুকে শরিক করে কিংবা তাঁর সমতুল্য মনে করে, তাকে বলা হয়-

ক. কাফির
খ. মুশরিক
গ. ফাসিক
ঘ. মুনাফিক

৬. কোনটি হজের ওয়াজিব নয়?

ক. সাঈ করা
খ. কুরবানি করা
গ. আরাফায় অবস্থান
ঘ. মুযদালিফায় অবস্থান

৭. হযরত উমর (রা.) কোথায় জন্মগ্রহণ করেন?

ক. মদিনা
খ. মক্কা
গ. হেজাজ
ঘ. তায়েফ

৮. 'সহিহ মুসলিম' গ্রন্থের সংকলক কে?

ক. মুহাম্মদ ইবনে ইসমাইল (র.)
খ. মুহাম্মদ ইবনে ঈসা (র.)
গ. মুসলিম ইবনে হাজ্জাজ (র.)
ঘ. সুলাইমান ইবনে আশআস (র.)

৯. কোন ঘটনায় হযরত আবু বকর (রা.) তাঁর সমুদয় সম্পদ দান করেন?

ক. বদরের যুদ্ধ
খ. উহুদের যুদ্ধ
গ. তাবুকের যুদ্ধ
ঘ. খন্দকের যুদ্ধ

১০. মক্কা বিজয়ের পর মহানবি (সা.) এর ঘোষণায় কোন গুণটি ফুটে উঠে?

ক. সহানুভূতি
খ. মহানুভব
গ. সামরিক দক্ষতা
ঘ. রাজনৈতিক প্রজ্ঞা

১১. রাতুল-রুমানা কর্মজীবি দম্পতি। বিকেলে চা খেতে বসে রুমানা রাতুলকে জানায় প্রতিবেশি মহিলা সামান্য ভুলত্রুটির জন্য গৃহকর্মীকে মারধর করে এবং কখনো কখনো গরম খুন্তি দ্বারা শরীরে ছ্যাঁকা দেয়।
স্বামীর সাথে রুমানার আলাপচারিতায় কী প্রকাশ পেয়েছে?

ক. গিবত
খ. হিংসা
গ. খিয়ানত
ঘ. ফিতনা

১২. কোনটি রোজা ভঙ্গের কারণ নয়?
- ক. ইচ্ছাকৃত পানাহার
- খ. মুখভর্তি বমি
- গ. ইন্দ্রিয় তৃপ্তি
- ঘ. সুগন্ধী ব্যবহার

১৩. সমাজ থেকে দারিদ্র নির্মূল না হওয়ার কারণ-
- ক. যাকাত ব্যবস্থাপনা
- খ. ইসলামি জ্ঞান
- গ. ধনী ব্যক্তিদের দায়িত্ব
- ঘ. ব্যবসায়ীদের সম্পদ

১৪. জামিউল কুরআন বলা হয় কোন খলিফাকে?
- ক. হযরত আবু বকর (রা.)
- খ. হযরত উমর (রা.)
- গ. হযরত উসমান (রা.)
- ঘ. হযরত রাবেয়া বসরী (র.)

১৫. আখলাকে হামিদাহ কোনটি?
- ক. ফিতনা
- খ. গিবত
- গ. হাসাদ
- ঘ. উপরের কোনটিই সঠিক নয়

১৬. মুশরিকের বৈশিষ্ট্য কোনটি?
- ক. সৃষ্টি জগতের পরিচালনায় কাউকে আল্লাহর অংশীদার বানানো
- খ. আল্লাহর গুণাবলী অস্বীকার করা
- গ. দ্বিমুখী নীতি পোষণ করা
- ঘ. হারামকে হালাল মনে করা

১৭. ওহি লেখক সাহাবিদের সংখ্যা কত ছিল?
- ক. ২৮
- খ. ৮৬
- গ. ৪২
- ঘ. ৪৭

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

## বিষয় : ইসলাম শিক্ষা বিষয় কোড : ১১১

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. কোনটি ইসলামের ভিত্তি ?<br>ক. ইমান<br>খ. সালাত<br>গ. যাকাত<br>ঘ. হজ | ১. কোনটি ইসলামের প্রথম ভিত্তি ?<br>ক. ইমান<br>খ. সালাত<br>গ. যাকাত<br>ঘ. হজ |
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. যে ব্যক্তি মহান আল্লাহর সাথে কোন ব্যক্তি বা বস্তুকে শরিক করে কিংবা তাঁর সমতুল্য মনে করে, তাকে বলা হয়-<br>ক. কাফির<br>খ. মুশরিক<br>গ. ফাসিক<br>ঘ. মুনাফিক | ২. আল্লাহর সাথে অংশীস্থাপনকারীকে কী বলা হয়?<br>ক. কাফির<br>খ. মুশরিক<br>গ. ফাসিক<br>ঘ. মুনাফিক |
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. শেষ নবী হযরত মুহাম্মদ (স.) এর ওপর অবতীর্ণ মহাগ্রন্থ আল-কুরআনে সূরার সংখ্যা কয়টি?<br>ক. ২৮<br>খ. ৮৬<br>গ. ১০৪<br>ঘ. ১১৪ | ৩. আল কুরআনে সূরার সংখ্যা কয়টি?<br>ক. ২৮<br>খ. ৮৬<br>গ. ১০৪<br>ঘ. ১১৪ |
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভূক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. কোন ঘটনায় হযরত আবু বকর (রা.) তাঁর সমুদয় সম্পদ দান করেন?<br>ক. বদরের যুদ্ধ<br>খ. উহুদের যুদ্ধ<br>গ. তাবুকের যুদ্ধ<br>ঘ. খন্দকের যুদ্ধ | ৪. কোন যুদ্ধে হযরত আবু বকর (রা.) তাঁর সমুদয় সম্পদ দান করেন?<br>ক. বদর<br>খ. উহুদ<br>গ. তাবুক<br>ঘ. খন্দক |
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে।** | |
| ৫. কোনটি হজের ওয়াজিব নয়?<br>ক. সাঈ করা<br>খ. কুরবানি করা<br>গ. আরাফায় অবস্থান<br>ঘ. মুযদালিফায় অবস্থান | ৫. কোনটি হজের ফরজ?<br>ক. সাঈ করা<br>খ. কুরবানি করা<br>গ. আরাফায় অবস্থান<br>ঘ. মুযদালিফায় অবস্থান |

| | |
|---|---|
| **না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
| ৬. কোনটি রোজা ভঙ্গের কারণ নয়?<br>ক. ইচ্ছাকৃত পানাহার<br>খ. মুখভর্তি বমি<br>গ. ইন্দ্রিয় তৃপ্তি<br>ঘ. সুগন্ধী ব্যবহার | ৬. কোনটি রোজা ভঙ্গের কারণ <u>নয়</u>?<br>ক. ইচ্ছাকৃত পানাহার<br>খ. মুখভর্তি বমি<br>গ. ইন্দ্রিয় তৃপ্তি<br>ঘ. সুগন্ধী ব্যবহার |

<table>
<tr><td colspan="2">উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।</td></tr>
<tr><td>৭. ‘সহিহ মুসলিম’ গ্রন্থের সংকলক কে?<br>ক. মুহাম্মদ ইবনে ইসমাইল (র.)<br>খ. মুহাম্মদ ইবনে ঈসা (র.)<br>গ. মুসলিম ইবনে হাজ্জাজ (র.)<br>ঘ. সুলাইমান ইবনে আশআস (র.)</td><td>৭. ‘সহিহ বুখারি’ গ্রন্থের সংকলক কে?<br>ক. মুহাম্মদ ইবনে ইসমাইল (র.)<br>খ. মুহাম্মদ ইবনে ঈসা (র.)<br>গ. মুসলিম ইবনে হাজ্জাজ (র.)<br>ঘ. সুলাইমান ইবনে আশআস (র.)</td></tr>
</table>

<table>
<tr><td colspan="2">নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>৮. রাতুল-রুমানা কর্মজীবি দম্পতি। বিকেলে চা খেতে বসে রুমানা রাতুলকে জানায় প্রতিবেশি মহিলা সামান্য ভুলত্রুটির জন্য গৃহকর্মীকে মারধর করে এবং কখনো কখনো গরম খুন্তি দ্বারা শরীরে ছ্যাঁকা দেয়।<br>স্বামীর সাথে রুমানার আলাপচারিতায় কী প্রকাশ পেয়েছে?<br>ক. গিবত<br>খ. হিংসা<br>গ. খিয়ানত<br>ঘ. ফিতনা</td><td>৮. রাতুল-রুমানা দম্পতি। বিকেলে চা খেতে বসে রুমানা রাতুলকে জানায় প্রতিবেশি মহিলার আচরণের জন্য তার বাসায় কোন গৃহকর্মী কাজ করতে চায় না।<br>স্বামীর সাথে রুমানার আলাপচারিতায় কী প্রকাশ পেয়েছে?<br>ক. গিবত<br>খ. হিংসা<br>গ. খিয়ানত<br>ঘ. ফিতনা</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।</td></tr>
<tr><td>৯. মক্কা বিজয়ের পর মহানবি (সা.) এর ঘোষণায় কোন গুণটি ফুটে উঠে?<br>ক. সহানুভূতি<br>খ. মহানুভব<br>গ. সামরিক দক্ষতা<br>ঘ. রাজনৈতিক প্রজ্ঞা</td><td>৯. মক্কা বিজয়ের পর মহানবি (সা.) এর ঘোষণায় কোন গুণটি ফুটে উঠে?<br>ক. সহানুভূতি<br>খ. মহানুভবতা<br>গ. সামরিক দক্ষতা<br>ঘ. রাজনৈতিক প্রজ্ঞা</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।</td></tr>
<tr><td>১০. সমাজ থেকে দারিদ্র নির্মূল না হওয়ার কারণ-<br>ক. যাকাত ব্যবস্থাপনা<br>খ. ইসলামি জ্ঞান<br>গ. ধনী ব্যক্তিদের দায়িত্ব<br>ঘ. ব্যবসায়ীদের সম্পদ</td><td>১০. সমাজ থেকে দারিদ্র নির্মূল না হওয়ার কারণ-<br>ক. সুষ্ঠু যাকাত ব্যবস্থাপনার অনুপস্থিতি<br>খ. ইসলামি জ্ঞানের অভাব<br>গ. ধনী ব্যক্তিদের দায়িত্বে উদাসীনতা<br>ঘ. ব্যবসায়ীদের সম্পদ কুক্ষীগতকরণ</td></tr>
<tr><td colspan="2">পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।</td></tr>
<tr><td>১১. জামিউল কুরআন বলা হয় কোন খলিফাকে?<br>ক. হযরত আবু বকর (রা.)<br>খ. হযরত উমর (রা.)<br>গ. হযরত উসমান (রা.)<br>ঘ. হযরত রাবেয়া বসরী (র.)</td><td>১১. জামিউল কুরআন বলা হয় কোন খলিফাকে?<br>ক. হযরত আবু বকর (রা.)<br>খ. হযরত উমর (রা.)<br>গ. হযরত উসমান (রা.)<br>ঘ. হযরত আলি (রা.)</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।</td></tr>
<tr><td>১২. ওহি লেখক সাহাবিদের সংখ্যা কত ছিল?<br>ক. ২৮<br>খ. ৮৬<br>গ. ৪২<br>ঘ. ৪৭</td><td>১২. ওহি লেখক সাহাবিদের সংখ্যা কত ছিল?<br>ক. ২৮<br>খ. ৪২<br>গ. ৪৭<br>ঘ. ৮৬</td></tr>
</table>

<table>
<tr><th colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।</th></tr>
<tr><td>১৩. মুশরিকের বৈশিষ্ট্য কোনটি?<br>ক. সৃষ্টি জগতের পরিচালনায় কাউকে আল্লাহর অংশীদার বানানো<br>খ. আল্লাহর গুণাবলী অস্বীকার করা<br>গ. দ্বিমুখী নীতি পোষণ করা<br>ঘ. হারামকে হালাল মনে করা</td><td>১৩. মুশরিকের বৈশিষ্ট্য কোনটি?<br>ক. কাউকে আল্লাহর সমকক্ষ মানা<br>খ. আল্লাহর গুণাবলী অস্বীকার করা<br>গ. দ্বিমুখী নীতি পোষণ করা<br>ঘ. হারামকে হালাল মনে করা</td></tr>
<tr><th colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৪. হযরত উমর (রা.) কোথায় জন্মগ্রহণ করেন?<br>ক. মদিনা<br>খ. মক্কা<br>গ. সৌদি আরব<br>ঘ. তায়েফ</td><td>১৫. হযরত উমর (রা.) কোথায় জন্মগ্রহণ করেন?<br>ক. মদিনা<br>খ. মক্কা<br>গ. হেজাজ<br>ঘ. তায়েফ</td></tr>
<tr><th colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৫. যাকাত আদায়ের ফলে-<br>i. সম্পদ বেড়ে যায়<br>ii. সম্পদ হ্রাস পায়<br>iii. সুষম বণ্টন নিশ্চিত হয়<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td><td>১৫. যাকাত আদায়ের ফলে-<br>i. সম্পদ বেড়ে যায়<br>ii. দাতার মর্যাদা বৃদ্ধি পায়<br>iii. সুষম বণ্টন নিশ্চিত হয়<br>নিচের কোনটি সঠিক?<br>ক. i ও ii<br>খ. i ও iii<br>গ. ii ও iii<br>ঘ. i, ii ও iii</td></tr>
<tr><th colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের সবগুলো সঠিক’-এমন বাক্য পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৬. হজের ফযিলত কোনটি?<br>ক. অপরাধ ক্ষমা<br>খ. জান্নাত লাভ<br>গ. বিশ্ব ভ্রাতৃত্ব সৃষ্টি<br>ঘ. উপরের সবগুলোই সঠিক</td><td>১৬. হজের ফযিলত কোনটি?<br>ক. সম্পদ বৃদ্ধি<br>খ. বিশ্ব ভ্রাতৃত্ব সৃষ্টি<br>গ. দানের মানসিকতা সৃষ্টি<br>ঘ. সামাজিক বৈষম্য দূর</td></tr>
<tr><th colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের কোনটিই সঠিক নয়’-এমন বাক্য পরিহার করতে হবে।</th></tr>
<tr><td>১৭. আখলাকে হামিদাহ কোনটি?<br>ক. ফিতনা<br>খ. গিবত<br>গ. হাসাদ<br>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</td><td>১৭. আখলাকে হামিদাহ কোনটি?<br>ক. ফিতনা<br>খ. গিবত<br>গ. হাসাদ<br>ঘ. তাকওয়া</td></tr>
</table>

**পরিশিষ্ট: 'ঝ'**

# বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড-------------**

**এসএসসি ২০২... খ্রিস্টাব্দ**

**বিষয়: ইসলাম শিক্ষা বিষয় কোড: ১১১**

| চিন্তন দক্ষতার স্তর | অধ্যায় | | | | | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | | |
| **উচ্চতর দক্ষতা** | | | | | | | |
| **প্রয়োগ দক্ষতা** | | | | | | | |
| **অনুধাবন দক্ষতা** | | | | | | | |
| **জ্ঞান দক্ষতা** | | | | | | | |
| **মোট** | | | | | | | |

**পরিশিষ্ট: ‘ঞ’**

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড----------

**এসএসসি ২০২...   খ্রিস্টাব্দ**

**বিষয়: ইসলাম শিক্ষা   বিষয় কোড: ১১১**

## বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |
| ৯ | |
| ১০ | |
| ১১ | |
| ১২ | |
| ১৩ | |
| ১৪ | |
| ১৫ | |

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১৬ | |
| ১৭ | |
| ১৮ | |
| ১৯ | |
| ২০ | |
| ২১ | |
| ২২ | |
| ২৩ | |
| ২৪ | |
| ২৫ | |
| ২৬ | |
| ২৭ | |
| ২৮ | |
| ২৯ | |
| ৩০ | |

**পরিশিষ্ট: 'ট'**

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

## বিষয় : ইসলাম শিক্ষা      বিষয় কোড : ১১১

১. 'ক' এর স্রষ্টা সম্পর্কে ধারণা নেই। সহকর্মী 'খ' কে নামাজ পড়তে দেখে অবাক হয়ে বিষয়টি সম্পর্কে জানতে চায়। পরদিন 'খ' 'ক' কে একটি কুরআনের কপি পড়তে দেন। 'ক' কুরআনে সূরা ইখলাস পড়ে কৌতুহলী হয়ে ওঠেন। কিছুদিন পর 'ক' মসজিদে যেতে চাইলে 'খ' তাঁকে মসজিদের ইমাম সাহেবের সাথে পরিচয় করিয়ে দেন। ইমাম সাহেবের সাথে কিছু কথা বলে 'ক' কালিমায়ে শাহাদাত পাঠ করেন। 'খ' প্রতিবেশি বিত্তবান 'গ' কৃষি খামারে বাম্পার ফলন উপলক্ষে বন্ধুদের দাওয়াত দেন। তিনি সকলকে স্বাগত জানিয়ে বলেন, কারো দয়ায় নয়, আমার একক প্রচেষ্টাতেই খামারে বাম্পার ফলন সম্ভব হয়েছে। 'গ' এর স্কুল পড়ুয়া ছেলে 'ঘ' গ্রীষ্মের ছুটিতে তার মামার সাথে পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটি বেড়াতে গিয়ে কাপ্তাই লেকের বিশাল জলরাশি ও পাহাড়ি অপরূপ দৃশ্য দেখে একক স্রষ্টার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে দু'রাকাত নফল নামাজ আদায় করল।

ক. ইসলাম শিক্ষা কী? ১

খ. 'আর প্রত্যেক সম্প্রদায়ের জন্যই পথপ্রদর্শক রয়েছে'- ব্যাখ্যা কর। ২

গ. 'ক' এর কর্মকান্ডে কী ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'গ' ও 'ঘ' এর কর্মকান্ড চিহ্নিতপূর্বক মানুষের মর্যাদা প্রতিষ্ঠায় কার বিশ্বাস অধিকতর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

২. দৃশ্যপট-১ : 'ক' একটি বড় মুদি দোকানের মালিক। সপ্তাহে ছয়দিন কোন ভিক্ষুক তার কাছে সাহায্য চাইলে প্রত্যেককেই সে ধমক দিয়ে বিদায় করে দেয়, তবে শুক্রবার কোন ভিক্ষুক আসলে তাকে একটি করে টাকা দান করে।

দৃশ্যপট-২ : মিসেস 'খ' বছরান্তে দশ ভরি গহনার বাজার মূল্য চার লক্ষ টাকা থেকে যাকাত বাবদ দশ হাজার টাকা দুস্থ বিধবাদের পুনর্বাসনকারী একটি প্রতিষ্ঠানে দান করেন। মিসেস 'খ' এর স্বামী 'গ' এ বছর হজ পালনের উদ্দেশ্যে ইহরাম বেঁধে পবিত্র মক্কায় গমণ করেন। হজ সম্পন্ন করার পূর্বেই হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি ইন্তেকাল করেন।

ক. মুবাহ কাকে বলে ? ১

খ. "আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে"-আয়াতটি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যপট-১ এ 'ক' এর কর্মকান্ডে কোন সূরার নির্দেশ লজ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ খ ও গ এ কর্মকান্ডে যে হাদিসের শিক্ষা ফুটে উঠেছে তা চিহ্নিত করে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট হাদিসের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৩. জাগরণি বিদ্যালয়ে শিক্ষকদের সভায়, অতিরিক্ত গরমের কারণে গ্রীষ্মকালীন ছুটি দশ দিন এগিয়ে আনার প্রস্তাব উত্থাপিত হলে, সকল শিক্ষক পক্ষে অভিমত ব্যক্ত করেন। প্রধান শিক্ষক তখন প্রস্তাবটি পাস হলো মর্মে ঘোষণা দেন। অন্যদিকে পার্শ্ববর্তী একুশে বিদ্যালয়ে এসএসসি পরীক্ষায় শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হলে শিক্ষক-কর্মচারীদের একটি উৎসাহ বোনাস প্রদান করা হয়। এ বছর এসএসসি পরীক্ষায় জাগরণি বিদ্যালয়েও শতভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হলে শিক্ষক-কর্মচারীরা একুশে বিদ্যালয়ের অনুরূপ উৎসাহ বোনাস প্রদানের দাবি জানান এবং ম্যানেজিং কমিটি তা মঞ্জুর করেন। পরের বছর কৃতি শিক্ষার্থী সংবর্ধনায় প্রধান শিক্ষক বলেন, একুশে বিদ্যালয়ের অনুকরণে জাগরণি বিদ্যালয়ের পুরস্কার প্রদানের বিষয়টি প্রতিষ্ঠানকে গতিশীল করেছে এবং সর্বজনীনতা দান করেছে।

ক. মাদানি সূরা কাকে বলে ? ১

খ. "অবশ্যই কষ্টের সাথে স্বস্তি রয়েছে"-আয়াতটি ব্যাখ্যা কর। ২

গ. গ্রীষ্মকালীন ছুটি এগিয়ে আনার সিদ্ধান্তের প্রক্রিয়াটি ইসলামি শরিয়তের কোন উৎসের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. একুশে বিদ্যালয়ের অনুকরণে জাগরণি বিদ্যালয়ের পুরস্কার প্রদানের সিদ্ধান্তে শরিয়তের যে উৎসের মিল খুঁজে পাওয়া যায় তা চিহ্নিতপূর্বক প্রধান শিক্ষকের মন্তব্যের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪. নয় বছরের শিশু ফুয়াদ পিতার দেখাদেখি নিয়মিত একক স্রষ্টার প্রতি বাধ্যতামূলক শারীরিক দায়িত্ব পালন করে। ফুয়াদের পিতা জনাব জাকির বছরান্তে মোট বিশ লক্ষ টাকা থেকে পঞ্চাশ হাজার টাকায় পাঁচটি রিকশা ক্রয় করে পাঁচজন দরিদ্র বেকার যুবকের মাঝে বিতরণ করেন। তার এ কাজে উৎসাহিত হয়ে প্রতিবেশি আনিস একটি গাভী ক্রয় করে একজন ছিন্নমূল নারীকে দান করেন। কিছুদিন পর দেখা যায়, অভাবি বেকার লোকজন ছোটখাটো ব্যবসা বাণিজ্য করছে এবং এলাকায় অভাবি মানুষের সংখ্যা কমে গেছে।

ক. নৈতিকতা কী? ১

খ. আল্লাহ জিন ও মানুষ সৃষ্টি করেছেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. ফুয়াদ কোন ইবাদতটি পালন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে দানটির ফলাফলই প্রতিফলিত হয়েছে' জনাব জাকিরের ইবাদতটি চিহ্নিতপূর্বক উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫. দৃশ্যপট-১ : 'ক' রিকসা ভাড়া পরিশোধ করতে গিয়ে দেখে পকেট শূন্য। নিরুপায় হয়ে 'খ' এর পকেটে একশত টাকা দেখতে পেয়ে তা থেকে ত্রিশ টাকা ধার চায়। উত্তরে 'খ' তার নিকট কোন টাকা নেই বলে জানায়।

দৃশ্যপট-২ : বাসে উঠতে গিয়ে 'গ' মাথায় গুরুতর আঘাত পান। তার সহযাত্রী জনাব 'ঘ' তাকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান এবং অর্থ ও রক্ত দিয়ে তাকে সহযোগিতা করেন। তিন দিন পরে 'গ' সুস্থ হলে 'ঘ' তাকে বাড়িতে পৌঁছে দেন।

দৃশ্যপট-৩ : 'ঙ' গতকাল তার ইসলাম শিক্ষা বইটি খুঁজে না পেয়ে বন্ধু 'চ' এর নিকট থেকে ধার নেয় এবং কথামত আজ স্কুল গেটে পৌঁছেই ফেরত দেয়।

ক. শালীনতা কী? ১

খ. 'ফিতনা হত্যার চেয়েও জঘন্য'-ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যপট-১ : 'খ' এর কর্মকান্ডে কোন গুণটির অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ 'ঘ' এর ও দৃশ্যপট-৩ এ 'ঙ' এর কর্মকান্ডে আখলাকে হামিদার যে গুণগুলো ফুটে উঠেছে তা চিহ্নিত করে সমাজ জীবনে এর প্রভাব বিশ্লেষণ কর । ৪

৬. ফায়েদ এ বছর মাস্টার্স পাশ করেছে। তার ভগ্নিপতি তাকে একটি প্রাইভেট কোম্পানিতে চাকুরি দেন। কিন্তু সে চাকরিতে যোগদান না করে বাসায় টেলিভিশন দেখে ও বন্ধুদের সাথে আড্ডা দিয়ে সময় কাটায়। তার বোন তাকে চাকুরিতে যোগদানের কথা বললে সে বলে, এ সব আমার ভালো লাগে না। অপরদিকে তার সহপাঠি রাসেল ও তায়েফ সীমান্ত বাহিনীতে যোগদান করে। একটি সংঘবদ্ধ দল কয়েকটি বড় ব্যাগ সীমান্তের ওপারে নিয়ে যাচ্ছিল। রাসেল ও তারেক ব্যাগের তল্লাসি চালাতে চাইলে চোরাকারবারিরা গুলি ছোড়ে। রাসেল জখম হলেও পাল্টা গুলিতে চোরকারবারিদের পিছু হটাতে বাধ্য করেন। অন্যদিকে তারেক অবস্থা বেগতিক দেখে জীবন রক্ষার্থে দ্রুত স্থান ত্যাগ করে।

ক. হিংসা কী? ১

খ. ঘুষদাতা ও গ্রহীতা উভয়ই সমান অপরাধী কেন? ২

গ. ফায়েদের আচরণে আখলাকে যামীমার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'পবিত্র কুরআন ও হাদিসের আলোকে রাসেল ও তায়েফের কর্মকান্ডের পরিণতি অভিন্ন' আখলাকে হামিদার গুণের আলোকে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৭. দৃশ্যপট-১ : ভাসানচর ইউনিয়নে সকল অগভীর নলকূপে মাত্রারিক্ত আর্সেনিক সনাক্ত হওয়ায় বিশুদ্ধ পানির অভাব দেখা দেয়। এতে 'নূর ফাউন্ডেশন' বিনামূল্যে বিশটি গভীর নলকূপ স্থাপন করে সুপেয় পানির ব্যবস্থা করে।

দৃশ্যপট-২ : বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জাহাঙ্গীর সাহেবের কাছে এলাকাবাসী মাশরুম চাষ বৈধ কিনা জানতে চান। তখন তিনি এলাকার পাঁচজন মাওলানাকে নিয়ে একটি ফতোয়া বোর্ড গঠন করেন। এ বোর্ডের মাধ্যমে তিনি সিদ্ধান্ত দেন যে, মাশরুম একটি উপকারী উদ্ভিদ। এ কারণে এটি ইসলামে নিষিদ্ধ নয়। অপরদিকে প্রখ্যাত হাদিস বিশারদ মাওলানা সবুর সাহেব প্রায় লক্ষাধিক হাদিস মুখস্ত করেছেন। তিনি প্রচলিত জাল হাদিসগুলো চিহ্নিতপূর্বক বাদ দিয়ে জীবনঘনিষ্ঠ বিষয়গুলো নিয়ে একটি প্রামাণ্য হাদিসের সংকলন তৈরি করেন।

ক. 'সুফফা' কী? ১

খ. 'আজ তোমাদের প্রতি আমার কোন অভিযোগ নেই' হাদিসটির শিক্ষা কী? ২

গ. দৃশ্যপট-১ এ নূর ফাউন্ডেশনের কর্মকান্ড কোন খলিফার অবদানের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ ড. জাহাঙ্গীর ও মাওলানা সবুব সাহেবের কর্মকান্ডে যে সকল মুসলিম মনীষীর কার্যক্রমের সাথে সাদৃশ্যপূর্ণ তা চিহ্নিতপূর্বক শিক্ষাক্ষেত্রে তাদের অবদান বিশ্লেষণ কর। ৪

৮. দৃশ্যপট-১ :

ভবেরচর গ্রামের অধিকাংশ মানুষ নিরক্ষর। কারণে-অকারণে নারীরা নির্যাতনের শিকার হয়। কথায় কথায় স্ত্রীদের তালাক দেয়া হয়। গ্রামবাসী বিনোদনের জন্য রাতের বেলা চোলাইমদ পান ও জুয়ার আসরে মিলিত হয়।

দৃশ্যপট-২ :

শায়েস্তাবাদ ইউপি চেয়ারম্যান নাবিল সাহেব একজন জনদরদী ব্যক্তি। তিনি নিজ হাতে উপার্জন করে সাধারণ জীবন যাপন করেন। তিনি ও তাঁর স্ত্রী মিলে বাসার সকল কাজ করেন। তার স্ত্রী নিজ হাতেই রান্না-বান্নার কাজ করেন। অপরদিকে খাতুনগঞ্জ এলাকার চেয়ারম্যান রকিব সাহেব একটি মাঝারি মানের মুদি দোকানের আয় থেকে তিনি সংসার ব্যয় নির্বাহ করেন। ইউনিয়নের পরিষদের সকল উন্নয়ন কাজ যাচাই-বাছাই করে প্রয়োজনীয় অর্থ ব্যয় করেন।

ক. 'আস-সাবউল মুআল্লাকাত' কী? ১

খ. 'হিলফুল ফুযুল ও জাতিসংঘ প্রতিষ্ঠার উদ্দেশ্য অভিন্ন'-ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যপট-১ এর চিত্রটি তোমার পাঠ্যপুস্তকের কোন সমাজ ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ নাবিল সাহেব ও রকিব সাহেবের কর্মকান্ডে কোন কোন খলিফার চারিত্রিক বৈশিষ্টের সাথে সাদৃশ্যপূর্ণ তা চিহ্নিত করে ইসলামের সেবায় তাঁদের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

# সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা বিষয় কোড : ১১১

১. দৃশ্যপট-১ : 'ক' একটি বড় মুদি দোকানের মালিক। সপ্তাহে ছয়দিন কোন ভিক্ষুক তার কাছে সাহায্য চাইলে প্রত্যেককেই সে ধমক দিয়ে বিদায় করে দেয়, তবে শুক্রবার কোন ভিক্ষুক আসলে তাকে একটি করে টাকা দান করে। দৃশ্যপট-২ : মিসেস 'খ' বছরান্তে দশ ভরি গহনার বাজার মূল্য চার লক্ষ টাকা থেকে যাকাত বাবদ দশ হাজার টাকা দুস্থ বিধবাদের পুনর্বাসনকারী একটি প্রতিষ্ঠানে দান করেন। মিসেস 'খ' এর স্বামী 'গ' এ বছর হজ পালনের উদ্দেশ্যে ইহরাম বেঁধে পবিত্র মক্কায় গমণ করেন। হজ সম্পন্ন করার পূর্বেই হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি ইন্তেকাল করেন।

ক. মুবাহ কাকে বলে ? ১

খ. "আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে"-আয়াতটি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যপট-১ এ 'ক' এর কর্মকান্ডে কোন সূরার নির্দেশ লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ 'খ' ও 'গ' এ কর্মকান্ডে যে হাদিসের শিক্ষা ফুটে উঠেছে তা চিহ্নিত করে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সংশ্লিষ্ট হাদিসের প্রভাব বিশ্লেষণ কর। ৪

### ১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(ক) | জ্ঞান | ১ | ১ | মুবাহ এর ধারণা লিখতে পারলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** যে সকল কাজ করলে কোনরূপ সওয়াব নেই, আবার না করলে কোনরূপ গুনাহ নেই এরূপ কাজকে মুবাহ বলা হয়।

### ১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(খ) | অনুধাবন | ২ | ২ | তাজবিদ এর শিক্ষা ব্যাখ্যা করতে পারলে। |
| | | | ১ | তাজবিদ চিহ্নিত করতে পারলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** শুদ্ধ ও সুন্দররূপে কুরআন তিলাওয়াত করার নিয়মকে তাজবিদ বলে। অশুদ্ধ ও অসুন্দররূপে কুরআন তিলাওয়াত করলে নামায শুদ্ধ হয় না। সুন্দর সুরে কুরআন তিলাওয়াত করার জন্য মহানবি (সা) নির্দেশ দিয়েছেন। বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াতের ফযিলত অত্যন্ত বেশি। প্রতিটি হরফ তিলাওয়াতেই নেকি পাওয়া যায়।

**১(গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(গ) | প্রয়োগ | ৩ | ৩ | সূরা আদ দুহা এর শিক্ষা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে। |
| | | | ২ | সূরা আদ দুহা এর শিক্ষা ব্যাখ্যা করতে পারলে। |
| | | | ১ | সূরা আদ দুহা চিহ্নিত করতে পারলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** সূরা আদ দুহার শিক্ষা হলো অভাবী, সাহায্যপ্রার্থী, ইয়াতিমদের প্রতি কঠোর হওয়া যাবে না। তাদের গালমন্দ কিংবা মারধর করা যাবে না। এবং তাঁদের ধমকও দেওয়া যাবে না। বরং তাদের সাথে সদাচরণ করতে হবে। উদ্দীপকে 'ক' সপ্তাহে ছয়দিন কোন ভিক্ষুক তার কাছে সাহায্য চাইলে প্রত্যেককেই সে ধমক দিয়ে বিদায় করে দেয়। এর মাধ্যমে সূরা আদ দুহার শিক্ষা লঙ্ঘিত হয়েছে।

**১(ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের ক্রমিক নং | দক্ষতা | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(ঘ) | উচ্চতর দক্ষতা | ৪ | ৪ | পরোপকার ও নিয়তের হাদিসের শিক্ষা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন পূর্বক সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় হাদিসের প্রভাব বিশ্লেষণ করতে পারলে। |
| | | | ৩ | পরোপকার ও নিয়তের হাদিসের শিক্ষা ব্যাখ্যা করে উদ্দীপকের সাথে সম্পর্ক স্থাপন করতে পারলে। |
| | | | ২ | পরোপকার ও নিয়তের হাদিসের শিক্ষা ব্যাখ্যা করতে পারলে। |
| | | | ১ | পরোপকার ও নিয়তের হাদিস চিহ্নিত করতে পারলে। |
| | | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** দৃশ্যপট-২ এ 'খ' ও 'গ' এ কর্মকান্ডে পরোপকার ও নিয়তের হাদিসের শিক্ষা ফুটে উঠেছে। পরোপকার হাদিসের শিক্ষা অনুযায়ী প্রত্যেক মুসলমান পরস্পর ভাই ভাই। বিপদ-আপদে পরস্পরকে সহযোগিতা করার জন্য রাসুলুল্লাহ (সা) নির্দেশনা দিয়েছেন। নিয়তের হাদিসের শিক্ষা হলো নিয়তের উপরই সকল কাজের সফলতা নির্ভর করে। নিয়ত যদি ভালো তবে ব্যক্তি উত্তম প্রতিদান লাভ করবে। উদ্দীপকে মিসেস 'খ' বছরান্তে দশ ভরি গহনার বাজার মূল্য চার লক্ষ টাকা থেকে, যাকাত বাবদ দশ হাজার টাকা দুস্থ বিধবাদের পুনর্বাসনকারী একটি প্রতিষ্ঠানে দান করেন। মিসেস 'খ' এর কর্মকান্ডে পরোপকারের হাদিসের শিক্ষা ফুটে উঠেছে। অন্যদিকে উদ্দীপকের 'খ' এর স্বামী 'গ' এ বছর হজ পালনের উদ্দেশ্যে ইহরাম বেঁধে পবিত্র মক্কায় গমণ করেন। হজ সম্পন্ন করার পূর্বেই হৃদরোগে আক্রান্ত হয়ে তিনি ইন্তেকাল করেন। 'গ' এর নিয়তের বিশুদ্ধতা ছিল বিধায় তিনি হজের পরিপূর্ণ সওয়াব লাভ করবেন বলে আশা করা যায়। সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠায় পরোপকার সম্পর্কিত হাদিসটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কোনো মুসলমান ভাইয়ের প্রতি অন্যায় অত্যাচার ও জুলুম নির্যাতন করা যাবে না। সর্বাবস্থায় মুসলমানগণ একে অপরের সাহায্য সহযোগিতায় এগিয়ে আসবে। ফলে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে।

**পরিশিষ্ট: 'ড'**

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

## বিষয়: ইসলাম শিক্ষা বিষয় কোড: ১১১

১। 'আমিই শেষ নবি, আমার পরে আর কোনো নবি আসবেন না।' হাদিসটি ব্যাখ্যা কর।

২। কুরআন মাজিদকে কুরআন নামে অভিহিত করা হয় কেন? ব্যাখ্যা কর।

৩। গার্মেন্টস কর্মী সোহাগ স্রষ্টার পাশাপাশি তার ফ্যাক্টরির মালিককে রিযিকদাতা মনে করেন। সোহাগের পরকালীন পরিণতি ব্যাখ্যা কর।

৪। লোক দেখানোর জন্য নামাজ আদায়কারীদের পরিণতি সূরা আল মাউনের আলোকে ব্যাখ্যা কর।

৫। 'আর তোমরা যদি আল্লাহর নিয়ামত গণনা করতে চাও তবে তা গুনে শেষ করতে পারবে না।' আয়াতটি ব্যাখ্যা কর।

৬। হারাম বর্জনীয় কেন ? ব্যাখ্যা কর।

৭। মামার মৃত্যুর পর জনাব রফিক তার ছোট ছোট মামাতো ভাই বোনের লেখাপড়ার দায়িত্ব নেন। রফিকের কর্মকান্ডে কোন হাদিসের শিক্ষা প্রতিফলিত হয়েছে ? ব্যাখ্যা কর।

৮। ঠিকাদার জসিম তাঁর প্রজেক্টের কর্মীদের পারিশ্রমিক দিনশেষে পরিশোধ করেন। ইসলামি শ্রমনীতির আলোকে জসিমের কর্মকান্ড ব্যাখ্যা কর।

৯। 'ছাত্র-শিক্ষক সম্পর্ক পিতার-পুত্রের সম্পর্কের ন্যায়।' ব্যাখ্যা কর।

১০। 'আর তোমরা তাদের বিরুদ্ধে সংগ্রাম করতে থাকবে যতক্ষণ না ফিতনা দূরীভূত হয় এবং আল্লাহর দ্বীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়।' ব্যাখ্যা কর।

১১। 'তাকওয়া সকল সৎগুণের মূল।' ব্যাখ্যা কর।

১২। মিঠু মুদ্রা বিনিময়ের ব্যবসায় মাঝে মাঝে জাল মুদ্রা চালিয়ে দেয়। তার কর্মকান্ডটি ব্যাখ্যা কর।

১৩। ইসলামে বিদায় হজের ভাষণ গুরুত্বপূর্ণ কেন?

১৪। গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠায় মদিনা সনদের ভূমিকা ব্যাখ্যা কর।

১৫। মুহাম্মদ ইবনে মুসা আল-খাওয়ারিযমিকে গণিত শাস্ত্রের জনক বলা হয় কেন? ব্যাখ্যা কর।

পরিশিষ্ট-'ঢ'

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর
## বিষয়ঃ ইসলাম শিক্ষা বিষয় কোডঃ ১১১

১। 'আমিই শেষ নবি, আমার পরে আর কোনো নবি আসবেন না।' হাদিসটি ব্যাখ্যা কর।

**১ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | খতমে নবুয়াত সংক্রান্ত হাদিসটি ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | খতমে নবুয়াত লিখতে পারলে। |
| | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** আমাদের প্রিয় নবি (স.) হলেন খাতামুন নাবিয়্যিন। তিনি সর্বশেষ নবি। তাঁর পরে আর কোনো নবি নেই। তাঁর পরে আর কোনো নবি আসেননি। কিয়ামত পর্যন্ত আসবেনও না। তাঁর পরবর্তীতে যারা নবুয়ত দাবী করেছে তারা সবাই ভণ্ড, মিথ্যাবাদীও প্রতারক।

৩। গার্মেন্টস কর্মী সোহাগ স্রষ্টার পাশাপাশি তার ফ্যাক্টরির মালিককে রিযিকদাতা মনে করেন। সোহাগের পরকালীন পরিণতি ব্যাখ্যা কর।

**৩ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | শিরক এর পরকালীন পরিণতি ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | শিরকের ধারণা লিখতে পারলে। |
| | | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে। |

**নমুনা উত্তর :** সোহাগের কর্মকান্ডে শিরক ফুটে উঠেছে। মহান আল্লাহর সাথে অন্য কোনো ব্যক্তি বা বস্তুকে শরিক করা কিংবা তার সমতুল্য মনে করাকে শিরক বলে। তার অপরাধ আল্লাহ কখনো ক্ষমা করবেন না। তার এ কাজের ফলে আখেরাতে কল্যাণ লাভ করা কোনোক্রমেই সম্ভব নয়। পরকালে তিনি যন্ত্রণাদায়ক শাস্তি ভোগ করবেন। তার আবাস হবে জাহান্নাম।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নর উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।

(চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।

(ছ) পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নকালে প্রধান পরীক্ষক কর্তৃক সরবরাহকৃত নমুনা উত্তর এবং নম্বর প্রদান নির্দেশিকা অনুসরণ করবেন। উত্তরপত্র প্রকৃত মূল্যায়নের পূর্বে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষকগণ উত্তরপত্রে নমুনা নম্বর প্রদান (Sample Marking) অনুশীলনের মাধ্যমে প্রকৃত নম্বর প্রদানকে নির্ভরযোগ্য করবেন।

(২) এই পরীক্ষা সংস্কার ২০০৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.এস পরীক্ষা থেকে কার্যকর হবে। বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষায় এই পরীক্ষা সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

(৩) ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature এবং চারু ও কারুকলা বিষয়সমূহের নম্বর বন্টন প্রশ্নের ধরণে বর্তমান প্রচলিত পদ্ধতির কোনোরূপ পরিবর্তন হবে না।

(৪) ফলাফল তৈরির ক্ষেত্রে গ্রেড ও জিপিএ নির্ধারণে বর্তমান নিয়মই বহাল থাকবে।

